# লালমনিরহাটে ৯ বছরের শিশুকে ধর্ষণের অভিযোগ




ছবি: সংগৃহীত

লালমনিরহাটের পাটগ্রামে ৯ বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগে মজিব উদ্দিন সেলিম নামে এক নৈশপ্রহরীকে গ্রেপ্তার করেছে পুলিশ। তিনি উপজেলার মমিনপুর দাখিল মাদরাসায় নৈশপ্রহরীর কাজ করেন।

বুধবার (১৯ আগস্ট) দুপুরে জোংড়া ইউনিয়নের ইসলাম নগর এলাকায় ঘটনাটি ঘটে।

স্বজন ও স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা গেছে, দুপুরে শিশুটিকে মোবাইল ফোন দেখানোর কথা বলে সঙ্গে নিয়ে যান সেলিম। পরে তাকে একটি নির্জন জায়গায় নিয়ে যাওয়ার অভিযোগ রয়েছে। সেখানে শিশুটির ওপর নির্যাতন চালানো হয় বলে পরিবারের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে।

ঘটনার পর শিশুটিকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করেন স্থানীয়রা। তাকে প্রথমে পাটগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। পরে অবস্থার অবনতি হলে চিকিৎসকের পরামর্শে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

LENS ASIA

এদিকে ঘটনার খবর পেয়ে অভিযুক্তকে ধরতে অভিযান শুরু করে পাটগ্রাম থানা পুলিশ। পরে হাতীবান্ধা উপজেলা থেকে মজিব উদ্দিন সেলিমকে গ্রেপ্তার করা হয়।

পাটগ্রাম থানা পুলিশ জানিয়েছে, গ্রেপ্তারের পর তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এ ঘটনায় শিশুটির পরিবারের পক্ষ থেকে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করার প্রস্তুতি চলছে।